



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-৩২৩/ ৩২৬০

তারিখ: ৭.১১.২০১৯খ্রি.

বিষয়:- মাদ্রাসার দায়িত্ব পালন ও পাসওয়ার্ড পরিবর্তন প্রসঙ্গে

সূত্র :

১) নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-৩২৩/৩০৯৬; তারিখ: ২৫/০৬/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলাধীন চারিজনিয়া জামেয়াই ছালেহিয়া দ্বীনিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মহিউদ্দিন আল হেলালীকে সুপারের দায়িত্ব বুঝিয়ে দেওয়ার জন্য ভারপ্রাপ্ত সুপার ও মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতিকে অত্র বোর্ড ১ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। ভারপ্রাপ্ত সুপার ও সভাপতি দায়িত্ব না বুঝিয়ে দিয়ে বোর্ডের স্মারকের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৭৩০৬/২০১৯ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ ০৮/০৭/২০১৯ খ্রি. তারিখে বোর্ডের সূত্রোক্ত ১ নং স্মারকের বিরুদ্ধে স্থগিতাদেশ দেন। হাইকোর্ট বিভাগের উক্ত স্থগিতাদেশ এর বিরুদ্ধে সিভিল পিটিশন নং ২৫৬১/২০১৯ দায়ের করা হলে মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগের মাননীয় চেম্বার জজ শুনানীতে ০২/০৯/২০১৯ খ্রি. তারিখে হাইকোর্ট বিভাগের স্থগিতাদেশ 'স্থগিত' করেন। ফলে বোর্ড কর্তৃক প্রেরিত ১ নং স্মারকটির কার্যকারিতা বলবৎ রয়েছে।

২। বর্ণিত অবস্থায় অত্র পত্র জারীর পর থেকে মাদ্রাসার সুপার এর দায়িত্ব জনাব মহিউদ্দিন আল হেলালী পালন করিবেন মর্মে জানিয়ে দেওয়া হলো।

৩। মাদ্রাসার সুপার জনাব মহিউদ্দিন আল হেলালীকে মাদ্রাসার প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য মাদ্রাসার পাসওয়ার্ড পরিবর্তনের জন্য অত্র বোর্ডে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০৭.১১.১৯

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

১) সভাপতি

চারিজনিয়া জামেয়াই ছালেহিয়া দ্বীনিয়া দাখিল মাদ্রাসা,

২) সহ-সুপার জনাব মো: শামসুদ্দিন হামিদী (ভারপ্রাপ্ত সুপার),

চারিজনিয়া জামেয়াই ছালেহিয়া দ্বীনিয়া দাখিল মাদ্রাসা, বাঙ্গাড়া
বাজার, নাঙ্গলকোট, কুমিল্লা

৩) জনাব মহিউদ্দিন আল হেলালী (সুপার), চারিজনিয়া জামেয়াই

ছালেহিয়া দ্বীনিয়া দাখিল মাদ্রাসা বাঙ্গাড়া বাজার, নাঙ্গলকোট, কুমিল্লা

নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-৩২৩/

তারিখ: ১১.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কুমিল্লা;

২. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা;

৩. উপজেলা নির্বাহী অফিসার, নাঙ্গলকোট, কুমিল্লা;

৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);

৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;

৬. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪